দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 FEB 2016
পৃষ্ঠা 2 ০ কলাম ৫

# ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের পূর্ণাঙ্গ কমিটি গতকাল শনিবার অনুমোদন দিয়েছেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। এর আগে রাজীব আহসানকে সভাপতি ও মো. আকরামুল হাসানকে সাধারণ সম্পাদক করে ১৫৩ সদস্য বিশিষ্ট আংশিক কমিটি ঘোষণা করেন তিনি। এ ছাড়াও শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাবির হলসমূহ, জগন্নাথ বিশ্বরিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ঢাকা মহানগর উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম, ঢাকা কলেজ, তিতুমীর কলেজ, তেজগাঁও কলেজ, সরকারি কবি নজরুল পৃষ্ঠা ২ কলাম ৩

## ছাত্রদলের পূর্ণাঙ্গ

২০ পৃষ্ঠার পর

কলেজ, সরকারি বাংলা কলেজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ঢাকা জেলার কমিটি ঘোষণা করে কেন্দ্রীয় ছাত্রদল। ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি রাজীব আহসান ও সাধারণ সম্পাদক মো. আকরামুল হাসান আজ এই কমিটিসমূহ অনুমোদন করেন। এর মধ্যে ঢাকা কলেজ, তিতুমীর কলেজ, তেজগাঁও কলেজ, সরকারি কবি নজরুল কলেজ, সরকারি বাংলা কলেজকে কেন্দ্রীয় সংসদের অধীনে নেয়া হয়েছে।